02 SEP 2016

তারিখ 02 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# জঙ্গিবাদ রুখতে মাদ্রাসা শিক্ষক শিক্ষার্থীর মানববন্ধন



*মুন্সীগঞ্জ : সিরাজদিখানের ঢাকা মাওয়া বিশ্বরোডে কওমি মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের জঙ্গিবিরোধী মানববন্ধন* -সংবাদ

সংবাদ জাতীয় ডেস্ক : গতকাল দেশব্যাপী কওমী মাদ্রাসা শিক্ষাবোর্ডের আয়োজনে 'রুখে দাঁড়াও বাংলাদেশ' স্লোগানে জঙ্গিবাদের বিরুদ্ধে কওমী মাদ্রাসার শিক্ষক শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেন। বিস্তারিত সংবাদ প্রতিনিধিদের পাঠানো খবরে-

## সিরাজদিখান (মুন্সীগঞ্জ)

ঢাকা-মাওয়া বিশ্বরোডের সিরাজদিখানের কুচিয়ামোড়ায় মুন্সীগঞ্জ জেলা ও ঢাকা দক্ষিণাঞ্চল কওমি মাদরাসা শিক্ষাবোর্ডের আয়োজনে 'রুখে দাঁড়াও বাংলাদেশ' স্লোগানে সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে মানববন্ধন অনুষ্ঠিত হয়। গতকাল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ মানববন্ধনে জেলার প্রায় সকল কওমি মাদরাসার সহস্রাধিক শিক্ষক-শিক্ষার্থী অংশ নেয়। জেলা কওমি মাদরাসা শিক্ষাবোর্ডের সভাপতি ও মধুপুরের পীর সাহেব মাওলানা আ. হামিদের নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন, মাওলানা সাইফুল্লাহ, মুফতি জয়নাল আবেদীন, মুফতি রুহুল আমীন, মাওলানা মাহবুবুর রহমান, মাওলানা উবায়দুল্লাহ কাসেমী, মাওলানা আব্দুল গাফ্ফার, মাওলানা দেলোয়ার হোসেন, শেখ বোরহান প্রমুখ। এসময় সিরাজদিখান থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ইয়ারদৌস হাসান ও কেয়াইন ইউপি চেয়ারম্যান আশরাফ আলী তাদের সাথে একাত্মতা ঘোষণা করে মানববন্ধনে অংশ নেয়। মানববন্ধনে পীরসাহেব বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদ ইসলাম সমর্থন করে না। যারা ইসলামের নামে নিরীহ মানুষের উপর আক্রমণ করছে তারা ইসলামকে কলুষিত করার জন্যই এ ধরনের হামলা করে। যারা ইসলামের নামে সন্ত্রাস করছে ওদেরকে খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে।

## রায়পুরা (নরসিংদী)

সারাদেশের ন্যায় নরসিংদীর রায়পুরায়ও সন্ত্রাস ও জঙ্গিবাদ এর বিরুদ্ধে এক বিশাল মানববন্ধন করেছে উপজেলার প্রায় ৪০টি কওমি মাদ্রাসার শিক্ষকসহ সহস্রাধিক শিক্ষার্থী। গতকাল বৃহস্পতিবার উপজেলা পরিষদের সামনে শ্রীরামপুর রেলগেইট-নরসিংদী সড়কের পাশে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মাওলানা মোঃ আব্দুল আজিজের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন, মাওলানা আব্দুর রহমান খান, হাফেজ মাওলানা মাসুদুর রহমান, মাওলানা আশ্রাব আলী খান, মাওলানা মজিবুর রহমান, মাওলানা কবির আহমেদ প্রমুখ।

## মুক্তাগাছা (ময়মনসসিংহ)

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মুক্তাগাছায় শতাধিক কওমি মাদ্রাসার ছাত্র-শিক্ষকরা মিলে দুই কিলোমিটার ব্যাপী সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী মানববন্ধন করেছে। বৃহস্পতিবার বেলা ১১টা থেকে বৃষ্টি উপেক্ষা করে ময়মনসিংহ-টাঙ্গাইল মহাসড়কের পাশে দাঁড়িয়ে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি, পালন করে। এ সময় একাত্মতা প্রকাশ করে জাতীয় সংসদ সদস্য সালাহ উদ্দিন আহমেদ মুক্তি, উপজেলার ভাইস চেয়ারম্যান গোলাম শাহরিয়ার শরীফ, আওয়ামীলীগ নেতা মুক্তিযোদ্ধা এমদাদুল হক যদু মানববন্ধনে অংশ নিয়ে বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে কওমি মাদ্রাসার আলেমদের সংগঠন বেফাক এর নেতা মাওয়ালা ইছাহাক আলী, মাওলানা মুফতি আক্রাম হোসেন, মাওলানা মুফতি আব্দুল হালিম প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা বলেন, ইসলাম কখনো জঙ্গিবাদকে প্রশ্রয় দেয় না। যারা জঙ্গী বা সন্ত্রাসী কর্মকান্ডের সাথে জড়িত তাদের সাথে প্রকৃত ইসলামের কোন সম্পৃক্ততা নেই। আলেম ওলামারা বলেন, শান্তিপ্রিয় মুসলমানের দেশ হচ্ছে বাংলাদেশ, এখানে সন্ত্রাস জঙ্গিবাদ কখনও টিকতে পারবে না। পরে দেশ, জাতির মঙ্গল কামনায় বিশেষ দোয়া পরিচালিত হয়।

## কিশোরগঞ্জ

জঙ্গিবাদ প্রত্যাখ্যানের আহবান জানিয়ে কিশোরগঞ্জে মাদ্রাসা শিক্ষক ও শিক্ষার্থীরা একটি দীর্ঘ মানববন্ধন করেছেন। কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের আহবানে গতকাল বৃহস্পতিবার সকাল ৯টায় শহরের শহীদী মসজিদ প্রাঙ্গণ থেকে স্টেশন রোড ধরে আয়োজিত মানববন্ধনে শত শত শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। 'আল-জামিয়াতুল ইমদাদিয়া কিশোরগঞ্জ ও তানযীমুল মাদারাসিল আরাবিয়া আল-ক্বাওমিয়া' লেখা ব্যানের আয়োজিত মানবনন্ধনে নেতৃত্ব দেন আল-জামিয়াতুল ইমদাদিয়া মাদ্রাসার অধ্যক্ষ শহীদি মসজিদের খতিব মাওলানা আজহার আলী আনোয়ার শাহ, ঐতিহ্যবাহী শোলাকিয়া ঈদগার প্যানেল ইমাম মাওলানা শোয়াইব আব্দুর রউফসহ বিভিন্ন পর্যায়ের আলেম ও শিক্ষক। এ সময় বহন করা বিভিন্ন প্লাকার্ডে লেখা ছিল 'কওমী মাদ্রাসা জঙ্গি প্রজনন কেন্দ্র নয়, জঙ্গি নির্মূল কেন্দ্র', 'হলি আর্টিজান ও শোলাকিয়ার নৃশংস হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানাই', 'সন্ত্রাস ও জঙ্গিবাদের প্রতিবাদে বিপ্লবী মানববন্ধন', 'ইসলাম কখনো সন্ত্রাস ও জঙ্গিবাদ সমর্থন করে না', ইসলামে জঙ্গিবাদ নেই, আছে শুধু জিহাদ' ইত্যাদি স্লোগান।

## নগরকান্দা (ফরিদপুর)

সারা দেশের ন্যায় ফরিদপুরের নগরকান্দা উপজেলার সকল কওমী মাদ্রাসা বৃহস্পতিবার সকালে নিজ নিজ মাদ্রাসা সংলগ্ন সড়কে জঙ্গি, সন্ত্রাস ও নৈরাজ্য বিরোধী মানববন্ধন করেছে। উপজেলা সদরের জুঙ্গুরদী বাসস্ট্যান্ড সড়কে মাওলানা মোহাম্মদ ইউসুফ সাহেবের সভাপতিত্বে জুঙ্গুরদী কাসিমুল উলূম ইসলামিয়া মাদ্রাসার আয়োজনে এবং নগরকান্দা বেইলি ব্রিজ থেকে নগরকান্দা মদিনাতুল উলুম ইসলামিয়া মাদ্রাসা সড়কে শাইখুল হাদীস আল্লামা মুফতি ইসমত উল্লাহ কাসেমী'র সভাপতিত্বে বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ, নগরকান্দা উপজেলা শাখার আয়োজনে মানববন্ধন করা হয়। এছাড়া উপজেলার অন্যান্য কওমি মাদ্রাসা জঙ্গিবিরোধী মানববন্ধন করেছে বলে জানা গেছে।

প্রতিনিধি, পিরোজপুর : বঙ্গবন্ধুর খুনিদের ফিরিয়ে আনা এবং তাদের মৃত্যুদণ্ড নিশ্চিত করার দাবিতে এবং সারা দেশে সন্ত্রাস, জঙ্গিবাদের ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বুধবার বিকালে সারদেশের ন্যায় একই সময় শহরের টাউন ক্লাব সড়কে মানববন্ধন করে বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ। এ সময় বক্তব্য রাখেন, জেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের নেতা তুষার মজুমদার, প্রবীর কুমার মন্ডল, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রেজাউল করিম সিকদার মন্টু, দোলা গুহ, জাহিদ হোসেন পিরু প্রমুখ।